

তারিখ: 09/06/2014

ঠিকানার জন্য একটি মাত্র নথিভিত্তিক প্রমাণ – ব্যাঙ্ক এ্যাকাউন্টের জন্য কেওয়াইসি বিধি আরবিআই আরও সহজ করল

আরবিআই/2013-14/634

ডিবিওডি.এএমএল.বিসি.নং.119/14.01.001/2013-14

জুন, 9, 2014

সভাপতি/সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক (আরআরবি বাদে)-এর মুখ্য নির্বাহী আধিকারি/  
লোকাল এরিয়া ব্যাঙ্ক / সর্বভারতীয় আর্থিক সংস্থাসমূহ

প্রিয় মহাশয় / মহাশয়া,

**নিজের গ্রাহকদের জানুন(কেওয়াইসি) বিধি / অবৈধ অর্থ বৈধকরণ প্রতিরোধের(এএমএল)মান / সন্ত্রাসবাদকে অর্থসংস্থান প্রতিরোধ (সিএফটি) / পিএমএলএ, 2002-এর অধীনে ব্যাঙ্কগুলির দায়বদ্ধতা – ঠিকানা প্রমাণ বিষয়ে ব্যাখ্যা**

অনুগ্রহ করে নিজের গ্রাহকদের জানুন(কেওয়াইসি)বিধি / অবৈধ অর্থ বৈধকরণ প্রতিরোধের(এএমএল)মান / সন্ত্রাসবাদকে অর্থসংস্থান প্রতিরোধ (সিএফটি) / পিএমএলএ, 2002-এর অধীনে ব্যাঙ্কগুলির দায়বদ্ধতা বিষয়ে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের মূল সার্কুলারের অনুচ্ছেদ 2.4 (এইচ),(আই),(জে), (এল), (এম) এবং সংলগ্নী দেখবেন যা জুলাই 01, 2013 তারিখে কোন ব্যক্তিবিশেষ দ্বারা নতুন এ্যাকাউন্ট খোলার সময় 'ঠিকানা প্রমাণ'-এর জন্য কী কী প্রয়োজন বিষয়ে সার্কুলার নং.ডিবিওডি.এএমএল.বিসি.নং.24/14.01.001/2013-14 মাধ্যমে জারি করা হয়।

2. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক বিভিন্ন ব্যক্তিবর্গের থেকে, বিশেষ করে অভিবাসী শ্রমিক, বদলি হওয়া কর্মচারী ইত্যাদিদের থেকে অভিযোগ/অনুরোধ পাচ্ছিলেন যে তাঁরা ব্যাঙ্ক এ্যাকাউন্ট খোলার সময় সাম্প্রতিক/স্থায়ী ঠিকানার প্রমাণ পেশ করার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিষয়টি অতঃপর অবৈধ অর্থ বৈধকরণ প্রতিরোধ বিধি (নথিপত্রের রক্ষণাবেক্ষণ), 2005-এর সংশোধনের আলোকে বিবেচনা করে তদনুসারে 'ঠিকানা প্রমাণ' জমা দেওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় দিকগুলি আরও সহজ করার নিম্নলিখিত সিদ্ধান্ত নেওয়া হয়েছে:

এ. এখন থেকে গ্রাহকগণ এ্যাকাউন্ট খোলার সময় অথবা সময়ে সময়ে সেটি সমযানুগ করার ক্ষেত্রে ঠিকানা প্রমাণের জন্য (সাম্প্রতিক অথবা স্থায়ী) একটি মাত্র নথি জমা করবেন। যে ক্ষেত্রে 'ঠিকানা প্রমাণ' হিসেবে যে ঠিকানা দেওয়া হয়েছে তাতে যদি কোন পরিবর্তন হয়, ছ মাসের মধ্যে শাখায় ঠিকানার নতুন প্রমাণ জমা দিতে হবে।

বি. যে ক্ষেত্রে গ্রাহক কর্তৃক প্রদত্ত প্রামাণ্য ঠিকানা তার স্থানীয় ঠিকানা নয় অথবা এমন ঠিকানা যেখানে গ্রাহক বর্তমানে থাকেন না, সে ক্ষেত্রে ব্যাঙ্ক গ্রাহকের থেকে একটি স্থানীয় ঠিকানা সংক্রান্ত ঘোষণা গ্রহণ করতে পারে যে ঠিকানায় গ্রাহকের সঙ্গে চিঠিপত্রের আদানপ্রদান হবে। এই ঠিকানা ব্যাঙ্ক পরীক্ষা করে নেবে 'সক্রিয় যাচাই' প্রক্রিয়া মাধ্যমে, যেমন (i) চিঠি, চেকবই, এটিএম কার্ড-এর প্রাপ্তিস্বীকার দ্বারা (ii) দূরভাষ মাধ্যমে কথাবার্তা চালিয়ে (iii) সেই স্থানে হাজির হয়ে ইত্যাদি। স্থান বদল বা অন্য যে কোন কারণে এই ঠিকানায় কোন পরিবর্তন হলে গ্রাহক চিঠিপত্রের আদানপ্রদানের জন্য নতুন ঠিকানা ব্যাঙ্ককে দু সপ্তাহের মধ্যে জানিয়ে দেবেন।

3. ব্যাঙ্কগুলি উপরের নির্দেশের আলোকে তাদের কেওয়াইসি নীতি সংশোধন করবে এবং সেই নির্দেশ যথাযথ পালনের বিষয়টি সুনিশ্চিত করবে।

4. আপনাদের মুখ্য আধিকারিককে এই সার্কুলার-পত্রের প্রাস্তিস্বীকার করতে বলুন।

আপনার বিশ্বস্ত,

(লিলি ভাদেয়া)  
মুখ্য মহাপ্রবন্ধক